



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/৭৮

তারিখঃ ২১ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ
০৫ মার্চ ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬৭৮তম কমিশন সভা অদ্য ০৫/০৩/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. এবি ব্যাংক লিঃ এর ৫০০ (পাঁচশত) কোটি টাকার Fully Redeemable Non-convertible Floating Rate Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এই বন্ডের বৈশিষ্ট্য হচ্ছে Non-convertible, Fully Redeemable, Unsecured, Unlisted Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে পূর্ণ অবসায়ন হবে যা বিভিন্ন প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী এবং অন্যান্য যোগ্য বিনিয়োগকারীগণকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে এবি ব্যাংক লিঃ কোম্পানীর Tier-II Capital Base শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১ (এক) কোটি টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং ম্যানডেটেড লিড অ্যারেঞ্জার হিসাবে রয়েছে যথাক্রমে এমটিবি ক্যাপিটাল লিঃ এবং আরএসএ ক্যাপিটাল লিঃ।
২. Bangladesh Securities and Exchange Commission (Alternative Investment) Rules, 2016 এর খসড়া সংশোধনী কমিশন কতিপয় পরিবর্তন সাপেক্ষে অনুমোদন করেছে, যা অনতিবিলম্বে জনমত যাচাইয়ের জন্য জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হবে।


০৫/০৩/২০১৯
মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।